

রাশিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কারে পুরস্কৃত হলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

জুলাই 09, 2024

ক্রেমলিনের সেন্ট অ্যান্ড্রু হল (সভাগর)-এ আয়োজিত একটি বিশেষ অনুষ্ঠানে রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রপতি মি. ভ্লাদিমির পুতিন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে ভারত-রাশিয়া সম্পর্ক উন্নয়নে তাঁর অবদানের জন্য রাশিয়ার সর্বোচ্চ জাতীয় পুরস্কার "দ্য অর্ডার অফ সেন্ট অ্যান্ড্রু দ্য অ্যাপোস্টেল" প্রদান করেন। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে এই পুরস্কারটি ২০১৯ সালে ঘোষণা করা হয়েছিল।

পুরস্কার গ্রহণকালে, প্রধানমন্ত্রী এটি ভারতের জনগণ এবং ভারত ও রাশিয়ার মধ্যে ঐতিহ্যবাহী বন্ধুত্বের বন্ধনকে উৎসর্গ করেন। তিনি আরও বলেন যে এই স্বীকৃতি দুই দেশের মধ্যে বিশেষ ও বিশেষাধিকারভুক্ত কৌশলগত অংশীদারিত্বকে আরও উজ্জ্বল ভবিষ্যৎ প্রদানে সক্ষম হবে।

এই পুরস্কারটি ৩০০ বছরেরও বেশি সময় আগে প্রতিষ্ঠিত হয়েছিল। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই পুরস্কারে ভূষিত একজন প্রথম ভারতীয় নেতা।

মস্কো

জুলাই 09, 2024